

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬১৪৯

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - নবী (সা.) -এর পরিবার-পরিজনদের মর্যাদা ও বৈশিষ্ট্য

الفصل الاول (بَابِ مَنَاقِبِ أَهْلِ)

আরবী

وَعَنْ أُسَامَةَ بْنِ زَيْدٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ كَانَ يَأْخُذُهُ وَالْحَسَنَ فَيَقُولُ: «اللَّهُمَّ أَحِبَّهُمَا فَإِنِّي أُحبُّهِما» وَفِي رِوَايَةٍ: قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَى فَخِذِهِ الْأُخْرَى ثُمَّ يَضُمُّهُمَا ثُمَّ يَظُمُ اللَّهُمَّ ارْحَمْهُمَا فَإِنِّي أَرحمُهما» . رَوَاهُ البُخَارِي

رواه البخارى (3735) و الرواية الثانية ، رواها البخارى (6003) ـ (صَحِيح)

বাংলা

৬১৪৯-[১৫] উসামাহ্ ইবনু যায়দ (রাঃ) নবী (সা.) হতে বর্ণনা করেন। তিনি (সা.) তাঁকে এবং হাসান (রাঃ)-কে একত্রে কোলে রেখে বলতেন, হে আল্লাহ! আমি এ দু'জনকে ভালোবাসি, আপনিও এদেরকে ভালোবাসুন। অপর এক বর্ণনাতে আছে, উসামাহ্ (রাঃ) বলেন: রাসূলুল্লাহ (সা.) আমাকে নিয়ে তাঁর এক উরুতে (রানে) বসাতেন এবং হাসান ইবনু 'আলী (রাঃ)-কে অপর রানের উপর বসাতেন, অতঃপর দুজনকে একত্রে মিলিয়ে দু'আ করতেন, হে আল্লাহ! আপনি এদের প্রতি রহম করুন, আমিও এদের প্রতি অনুগ্রহশীল। (বুখারী)

ফুটনোট

সহীহ: বুখারী ৬০০৩, মুসনাদে আহমাদ ২১৮৩৫।

ব্যাখ্যা



ব্যাখ্যা: (اللَّهُمَّ ارْحَمُهُمَا فَإِنِّي أُرْحِمُهُما فَإِنِّي أُرْحِمُهُما فَإِنِّي أُرْحِمُهُما وَاللَّهُمَّ الْرُحَمُهُما فَإِنِّي أُرْحِمُهما) হাদীস হতে অনুধাবন করা যায়, নবী (সা.) একমাত্র আল্লাহর জন্য ও আল্লাহর উদ্দেশে ভালোবাসতেন। এ কারণে আল্লাহর ভালোবাসা তাঁর ভালোবাসার সাথে যুক্ত করেছেন। এ হাদীসে আরো হাসান (রাঃ) ও উসামাহ্ (রাঃ) -এর মহা মর্যাদা প্রকাশ পেয়েছে। (ফাতহুল বারী হা. ৩৭৩৫, মিরক্কাতুল মাফাতীহ)

তাদের উভয়ের প্রতি পরিপূর্ণ দয়া করুন এমন দয়া যা উভয়কে অমুখাপেক্ষী রাখবে অন্যদের দয়া থেকে। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ উসামাহ ইবনু যায়দ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন